জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ দপ্তর
ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০
mail: nupr1992@gmail.com

২৮ জুলাই ২০২৬

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয় ও bKash -এর চুক্তি স্বাক্ষর



জাতীয় বিশ্ববিদ্যালয়ের 'আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬'-এর বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণকারী প্রতিযোগীদের যাতায়াত ভাড়া দ্রুততম সময়ে ও নিরাপদে প্রেরণের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় এবং দেশের শীর্ষ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস 'বিকাশ (bKash) লিমিটেড'-এর মধ্যে একটি দ্বিপক্ষীয় সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে।

মঙ্গলবার (২৮ জুলাই ২০২৬) সকালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের কনফারেন্স কক্ষে এই চুক্তি স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ও স্পোর্টস বোর্ডের সভাপতি প্রফেসর ড. এ এস এম আমানুলস্নাহ। সমঝোতা স্মারকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন ট্রেজারার প্রফেসর ড. মো. নাজমুল হোসাইন এবং বিকাশ লিমিটেডের পক্ষে স্বাক্ষর করেন সংস্থাটির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মেহমুদ আশিক ইকবাল।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোলস্না মাহফুজ আল-হোসেন, শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের পরিচালক ও স্পোর্টস বোর্ডের সদস্য সচিব মোহাম্মদ শফিউল করিমসহ বিভিন্ন দপ্তরের পরিচালক। অন্যদিকে বিকাশ লিমিটেডের পক্ষ থেকে আরও উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানটির জেনারেল ম্যানেজার রাইয়ান মাহমুদ এবং ডেপুটি জেনারেল ম্যানেজার মো: আনিসুজ্জামান।

জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ দপ্তর
ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০
mail: nupr1992@gmail.com

এই দ্বিপক্ষীয় চুক্তির মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতায় দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত প্রতিযোগীরা কোনো প্রকার প্রশাসনিক জটিলতা ছাড়াই সরাসরি নিজস্ব বিকাশ অ্যাকাউন্টে যাতায়াত ভাতা গ্রহণ করতে পারবেন। সংশিস্নষ্টরা মনে করছেন, ডিজিটাল ও ক্যাশলেস সুবিধার এই উদ্যোগটি খেলাধুলার আয়োজনে স্বচ্ছতা বৃদ্ধি ও গতিশীলতা আনবে।

বার্তা প্রেরক

তাইয়েবা তাসনীম সিরাজ
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়।
মোবাইল: ০১৭৩২-২২৫৫৭৮